

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

কুমিল্লা শাখা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স দেবনাথ টিম্বার মার্চেন্ট নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব মোহন লাল দেবনাথ, পিতা-মৃত রজনী কান্ত দেবনাথ, মাতা- মৃত ব্রজবাসী দেবনাথ, ব্যবসায়িক ঠিকানা-গাংচর, ডাকঘরঃ-কুমিল্লা, থানাঃ-কোতয়ালী, জিলাঃ- কুমিল্লা, স্থায়ী ঠিকানাঃ হোল্ডি নং ৭৩, গর্জনখোলা গংগাগঞ্জ, ডাকঘরঃ-কুমিল্লা, থানাঃ-কোতয়ালী, জিলাঃ- কুমিল্লা, কর্তৃক ইউসিবি, কুমিল্লা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১০-১১-২০২০ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা সিসি (হাইপো) লোন বাবদ মোট=৪২,৬৪,৯৩৯.৪৩ টাকা(বেয়াল্লিশ লক্ষ চৌষট্টি হাজার নয়শত উনচল্লিশ টাকা তেতাল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিলঃ

১)জেলা-কুমিল্লা, থানাঃ কোতয়ালী, সাব-রেজিস্ট্রি অফিস- কুমিল্লা, মৌজা-বজ্রপুর,জে.এল নং.২৪০ (পুরাতন) ১৫৭ (নতুন), সি.এস খতিয়ান নং ১৮, পি.আর.আর খতিয়ান নং-৫২০, বি.এস খতিয়ান নং-৫৮৭ (ডিপি-১২৯), খারিজ খতিয়ান নং-২৬৮৯, সি.এস দাগ নং ১৬৫,১৬৬,১৬৭ আর. এস দাগ নং ৫৫১,৫৫২,৫৫৩, বি.এস দাগ নং.৫৪৪,৫৪৫ জমির পরিমাণ-১০.০০ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে)।

২)জেলা-কুমিল্লা, থানাঃ কোতয়ালী, সাব-রেজিস্ট্রি অফিস- কুমিল্লা, মৌজা-বজ্রপুর,জে.এল নং.২৪০(পুরাতন) ১৫৭ (নতুন), সি.এস খতিয়ান নং ৩০৩, আর এস খতিয়ান নং-৫০৪, খারিজ খতিয়ান নং-১২৫৩, বি.এস খতিয়ান নং-১৭৩৪ (ডিপি-১৮১৮), সি.এস দাগ নং ১৪৮৭,১৪৮৮ আর. এস দাগ নং ২০৩৭, বি.এস দাগ নং.১৭৫৩ জমির পরিমাণ-৩.৫০ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে)।

নিলামের শর্তাবলী

১। আগামী ১০-১২-২০২০ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কুমিল্লা শাখার রক্ষিত বাঞ্চে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

চলমান পাতা-০২

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কুমিল্লা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।